# ভূঞাপুর উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোছাঃ নার্গিস বেগম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূঞাপুর, টাঙ্গাইল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ ঃ ২৭-০১-২০২২ খ্রি.

সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা ঃ পরিশিষ্ট " ক "।

সভাপতি সভার প্রারম্ভে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করে আইন-কানুন/ দিকনির্দেশনা বিবেচনা করে সভায় বক্তব্য রাখার অনুরোধ জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন। সভা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সভার শুরুতে বিগত ২১-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন প্রকার সংশোধনী থাকলে তা সভায় পেশ করার জন্য অনুরোধ করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়। | অনুমোদিত | সংশ্লিষ্ট সকল |
| ০২। | ০২নং আলোচ্যসূচি ঃ উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সম্পর্কে আলোচনা- | | |
| ২(ক) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, অদ্য উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত ভবন ও হলরুম নির্মাণের নিমিত্ত অনলাইনে আহ্বানকৃত টেন্ডারের ওপেনিং হবে। তিনি সভায় আরও বলেন, বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় ২০২১-২২ অর্থবছরে ১ম ও ২য় কিস্তিতে সর্বমোট ৩৯.৬০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সংশ্লিষ্ট সকলকে প্রকল্প তালিকা প্রস্তুত করে দ্রুত উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল |
| ২(খ) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় আরও জানান, ২০১৮-২০১৯ অর্থবছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ভূঞাপুর উপজেলাধীন বিভিন্ন মাধ্যমিক প্রতিষ্ঠানে ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ও প্রজেক্টর স্ক্রিন সরবরাহ কাজ প্যাকেজ নং INF-২০১৮-১৯-৩০৯৩১৯-০৩, মেসার্স চকদার এন্টারপ্রাইজ, ভূঞাপুর, টাঙ্গাইল কর্তৃক ১০০% বাস্তবায়িত হয়েছে। কাজের গুণগত মান সন্তোষজনক। উক্ত প্রকল্পটির অনুকূলে চূড়ান্ত বিল বাবদ INF-২০১৮-১৯-৩০৯৩১৯-০৩ নং প্যাকেজের ৮,৯৫,০৫০/- (আট লক্ষ পঁচানব্বই হাজার পঞ্চাশ) টাকার বিল পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ভূঞাপুর উপজেলাধীন বিভিন্ন মাধ্যমিক প্রতিষ্ঠানে ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ও প্রজেক্টর স্ক্রিন সরবরাহ কাজ বিধি মোতাবেক শতভাগ বাস্তবায়িত হওয়ায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অনুকূলে চূড়ান্ত বিল বাবদ INF-২০১৮-১৯-৩০৯৩১৯-০৩ নং প্যাকেজের ৮,৯৫,০৫০/- (আট লক্ষ পঁচানব্বই হাজার পঞ্চাশ) টাকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত প্রকল্পের অনুকূলে অর্থ ছাড়করণের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, ভূঞাপুরকে অনুরোধ করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর<br>৪। সংশ্লিষ্ট সকল |

চলমান পাতা-২

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৩। | ০৩ নং আলোচ্যসূচি ঃ বিভাগীয় কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা। | | |
| ৩(ক) | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, অত্র উপজেলায় এ পর্যন্ত ১,৫২,১০০ জনকে ১ম ডোজ, ১,০৭,০০০ জনকে ২য় ডোজ এবং ২২১৯ জনকে ৩য় ডোজ প্রদান সম্পন্ন করা হয়েছে। তিনি ৩য় ডোজযোগ্য ২৪৬৬ জনকে এসএমএস না পেলেও টিকা প্রদানের অনুরোধ জানান। তিনি বলেন গত দুই দিনে ০৭ জনের করোনার স্যাম্পল পরীক্ষা করা হয়। তন্মধ্যে ০৪ জন পজিটিভ হন। শতকরা হার ৫৭.১৪%, যা খুবই আশঙ্কাজনক। এ ব্যাপারে সকলকে হাত ধোয়া, মাস্ক পড়া, সামাজিক দুরত্ব বজায় রাখা ও হাঁচি কাশির শিষ্ঠাচার বজায়সহ স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেন এবং যারা এখনও করোনার টিকা গ্রহণ করেননি তাদেরকে দ্রুত টিকা গ্রহণের অনুরোধ জানান। তিনি বাস, ট্রাক ও সিএনজিসহ সকল ধরনের পরিবহনের চালক, সুপারভাইজার/কন্ট্রাক্টর, হেলপারগণ যেন টিকার আওতায় আসে সেজন্য উপজেলা চেয়ারম্যান, মেয়র এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করে বলেন ১২-১৮ বছর বয়স পর্যন্ত বাদ পড়া ছাত্র-ছাত্রীদের নামের তালিকা প্রস্তুত পূর্বক জরুরীভিত্তিতে তালিকা প্রদান করার জন্য অনুরোধ জানান। পরিশেষে তিনি সহকারী পরিচালক হিসেবে পদোন্নতি পাওয়ার সকলের নিকট দোয়া কামনা করেন। সভায় তার কর্মময় জীবনের সফলতা ও দীর্ঘায়ু কামনা করা হয়। | আলোচনান্তে হাসপাতালে আগত রোগীদের যথাযথ চিকিৎসা সেবা নিশ্চিত করাসহ করোনার টিকাদান কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(খ) | উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর সভায় জানান, তিনি গত ০২-০১-২০২২ তারিখে অত্র উপজেলায় উপজেলা কৃষি অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি সভায় তার পরিচয় প্রদান করে সকলকে তার পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভায় জানান, পুরোদমে বোরা ধান রোপন কার্যক্রম চলমান আছে। সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। এ বছর সরিষার বাম্পার ফলন হয়েছে। সরিষা আবাদের লক্ষমাত্রা ছিল ১৮০০ হেক্টর, আবাদ হয়েছে ২১৩০ হেক্টর। ভূট্টা আবাদের লক্ষমাত্রা ছিল ২০০০ হেক্টর, আবাদ হয়েছে ২১৫২ হেক্টর। আবহাওয়া অনুকূল থাকলে বাম্পার ফলন আশা করা হচ্ছে। মাঠের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ব্লক পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের অন্যান্য কার্যক্রমের পাশাপাশি বোরো ধানে লাইন, লোগো ও পার্চিং অনুসরণ করার জন্য অবিরত মাঠে পরামর্শ দিয়ে চলছেন। পরিশেষে তিনি সভায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর |
| ৩(গ) | উপজেলা মৎস্য কর্মকর্তা (চঃ দাঃ), ভূঞাপুর সভায় জানান যে, মৎস্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ভূঞাপুর যমুনা নদীতে বঙ্গবন্ধু সেতুর উজানে ০৬ (ছয়) কিলোমিটার অর্থাৎ গোবিন্দাসী বাজার সন্নিকটে দুর্গামন্দির পর্যন্ত অভয়াশ্রম ঘোষণা করা হয়েছে। অভয়াশ্রম স্থানে সারাবছর সকল ধরনের মাছ ধরা নিষেধ। এ বিষয়ে নদী সংলগ্ন গ্রামে জেলেদের নিয়ে সচেতনতামূলক সভা করা হয়েছে। এছাড়া প্রচার কার্যক্রম অব্যাহত আছে। ভূঞাপুর উপজেলায় ১০০ জন নতুন জেলের নিবন্ধন করা হবে এবং তাদের জেলে আইডি কার্ড প্রদান করা হবে। এ লক্ষ্যে গাবসারা ইউনিয়নে ২০ জন, গোবিন্দাসী ইউনিয়নে ১০ জন, নিকরাইল ইউনিয়নে ১৫ জন, অর্জুনা ইউনিয়ন ১৫ জন, ফলদা ইউনিয়নে ১৫ জন, অলোয়া ইউনিয়নে ১০ জন এবং পৌরসভায় ১৫ জন জেলেকে নিবন্ধন করা ও তাদের আইডি কার্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূঞাপুর |

চলমান পাতা-৩

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩(ঘ)</td><td>ভেটেরিনারী সার্জন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, ভূঞাপুর সভায় জানান, অত্র উপজেলার প্রতিটি জনগণের জন্য দুধ, ডিম ও মাংসের চাহিদা পূরণের লক্ষ্যে দুধ, ডিম ও মাংস উৎপাদনে তার দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এজন্য কৃত্রিম প্রজননের মাধ্যমে উন্নত প্রজাতির গাভী বাড়ানোর কাজ চলছে। তিনি সভায় আরও বলেন, পদোন্নতিজনিত কারণে তিনি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা হিসেবে গোপালপুর উপজেলায় যোগদান করবেন। এজন্য তিনি সকলের নিকট দোয়া কামনা করেন। সভায় তার কর্মময় জীবনের সফলতা ও দীর্ঘায়ু কামনা করা হয়। পরিশেষে তিনি সভায় জানান, তার বিভাগের বিভাগীয় সম্প্রসারণমূলক কার্যক্রম অব্যাহত আছে। তিনি সভায় তার দপ্তরের চলতি জানুয়ারি/২২ মাসের কার্যক্রমের আংশিক চিত্র তুলে ধরেন। যা নিম্নরূপঃ
<table>
<tr><th>কার্যক্রমের নাম</th><th>সংখ্যা</th><th>রাজস্ব আয়</th></tr>
<tr><td>ক) কৃত্রিম প্রজনন</td><td>১,০০২ টি</td><td rowspan="2">৩০,০৬০/-</td></tr>
<tr><td>খ) শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>৩৭২ টি</td></tr>
<tr><td>গ) গবাদি প্রাণির প্রতিষেধক টিকা প্রদান</td><td>১,০০০ মাত্রা</td><td rowspan="2">৮,৬২৫/-</td></tr>
<tr><td>ঘ) হাঁস-মুরগির প্রতিষেধক টিকা প্রদান</td><td>৫১,৫০০ মাত্রা</td></tr>
<tr><td>ঙ) গবাদি প্রাণির চিকিৎসা</td><td>১,৫৪৬ টি</td><td>বিনামূল্যে</td></tr>
<tr><td>চ) হাঁস-মুরগির চিকিৎসা</td><td>১৯,৩২০ টি</td><td>বিনামূল্যে</td></tr>
</table>
এছাড়া ক্ষুদ্র ঋণ আদায় কার্যক্রমসহ অন্যান্য সম্প্রসারণমূলক কার্যক্রম অব্যাহত আছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ঙ)</td><td>উপজেলা শিক্ষা অফিসার, ভূঞাপুর সভায় জানান, সরকারি নির্দেশনা মোতাবেক আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে। এ সময় অনলাইনে ছাত্র-ছাত্রীদের পাঠদান কার্যক্রম চলমান থাকবে। তিনি সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে ভূঞাপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের টেন্ডার হওয়ার পরও কি কারণে কাজটি বাস্তবায়ন হচ্ছে না সে বিষয়ে জানতে চান এবং এ ব্যাপারে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও মেয়র মহোদয়ের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মহীউদ্দিন আহমেদ সহকারী পরিচালক হিসেবে এবং প্রাণিসম্পদ অফিসের ভেটেরিনারি সার্জন ডাঃ শরীফ আব্দুল বাছেত উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা হিসেবে পদোন্নতি পাওয়ায় তার পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান। এছাড়া তিনি বলেন তার দপ্তরের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(চ)</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর সভায় জানান, (১) ভূঞাপুর উপজেলার স্কুল, কলেজ ও মাদ্রাসার ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান করা হয়েছে। এতে ০২টি কেন্দ্রের মাধ্যমে মোট ২১,৯৭৫ জন শিক্ষার্থীর মধ্যে ১ম ডোজ টিকা গ্রহণকারীর সংখ্যা ২০,০২৮ জন এবং বাকী আছে ১৯৪৭ জন শিক্ষার্থী। বাদ পড়া বাকী শিক্ষার্থীদের টিকা প্রদানের আওতায় আনা হবে। (২) করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে সকল শিক্ষা প্রতিষ্ঠান আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সশরীরে শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। এ সময়ে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বাস্তবতার ভিত্তিতে অনলাইন/ ভার্চুয়াল প্ল্যাটফরম এ শিখন-শেখানো কার্যক্রম অব্যাহত রাখবে। শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম যথারীতি চালু থাকবে। সেখানে স্বাস্থ্যবিধি মেনে দৈনন্দিন কার্যক্রম পরিচালিত হবে। (৩) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা এবং দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদানে ই-ভর্তি সহায়তা এবং ই-চিকিৎসা অনুদান সফটওয়্যারের মাধ্যমে করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে। (৪) সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির জন্য ২০২২ সালের ৬ষ্ঠ শ্রেণি এবং ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন ও অন্যান্য তথ্য অনলাইনের মাধ্যমে করার জন্য সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া তিনি বলেন তার মাধ্যমিক শিক্ষা বিভাগের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ছ) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর জানান, ২০২১-২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ (কাবিখা-কাবিটা-টিআর) কর্মসূচির আওতায় সাধারণ ১ম পর্যায়ে যথাক্রমে কাবিখা (চাল) খাতে ৬৬.০০১ মেঃ টন এর বিপরীতে ০৯টি প্রকল্প, কাবিখা (গম) খাতে ৬৬.০০১ মেঃ টন এর বিপরীতে ০৮টি প্রকল্প ও কাবিটা (অর্থ) খাতে ৩১,১৯,১৪০.৬১ টাকার বিপরীতে ১০টি প্রকল্প গ্রহণ করে জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয় কর্তৃক অনুমোদন পাওয়া গেছে এবং দ্রুত প্রকল্পের কাজ সমাপ্তকরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এবং প্রকল্প সভাপতিদের অনুরোধ করা হয়। তিনি সভায় আরও জানান, বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস প্রকল্পের আওতায় অত্র উপজেলার ১১টি নিবাসের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে অর্থ বরাদ্দ পাওয়া যায়। উক্ত ১১টি বীর নিবাস নির্মাণের জন্য যথারীতি টেন্ডার আহ্বান পূর্বক লটারির মাধ্যমে ঠিকাদার নির্বাচন করে ঠিকাদার কর্তৃক বীর নিবাস নির্মাণ কাজ চলমান রয়েছে। সকলকে উক্ত কাজ পরিদর্শন করার অনুরোধ জানান। তিনি জানান নদীভাঙ্গনের জন্য অত্র উপজেলায় ১৫০৩টি পরিবারের প্রাথমিক বরাদ্দ পাওয়া যায়। বিভিন্ন দপ্তরের অফিসার দ্বারা যাচাই বাছাই কার্যক্রম অব্যাহত আছে। অদ্যাবধি কোন সংশোধিত ফান্ড পাওয়া যায়নি। তিনি সভায় আরও জানান, ২০২১-২২ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের কাজ শুরু করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ইউনিয়নভিত্তিক উপকারভোগীর সংখ্যা ও হার নির্ধারণ করেছেন। উক্ত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত সকল শর্তাবলী অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উক্ত প্রকল্পে কমপক্ষে শতকরা ৩৩ জন মহিলা শ্রমিক অন্তর্ভূক্ত করতে হবে এবং দৈনিক মজুরি ৪০০/- টাকা হারে G2P পদ্ধতিতে পরিশোধ করা হবে। তিনি জানান সকল ইউনিয়নেই অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম শুরু হয়েছে এবং সংশ্লিষ্ট সকলকে উক্ত প্রকল্পের কাজ তদারকি করার জন্য সভায় অনুরোধ জানান। তিনি সভায় জানান, গ্রামীণ রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি)করণ প্রকল্পের আওতায় টেন্ডার আহ্বান করা হয় এবং টেন্ডারে প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে থেকে অদ্য লটারির মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হবে। এতে সকলকে উপস্থিত থাকার অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় জানান তার দপ্তরের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(জ) | উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর সভায় জানান, (১) বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ডিজিটাল পদ্ধতিতে মোবাইল ব্যাংকিং নগদ এর মাধ্যমে সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতা প্রদান অব্যাহত আছে। এছাড়া প্রান্তিক জনগোষ্ঠীর ১০টি পেশায় কর্মরত মানুষদের জরিপ কাজ শেষ হয়েছে। ভূঞাপুর উপজেলায় এ পেশায় ৬১২ জনের জরিপ সম্পন্ন হয়েছে। (২) দগ্ধজনিত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কর্মসূচিতে ক্ষুদ্রঋণ সহায়তায় ১৬,৬২,৫৩৭/- টাকা ঋণ বিতরণ করা আছে। আদায় হলে পুনরায় ঋণ বিতরণ করা হয়। (৩) চরাঞ্চলের দুঃস্থ গরীব রোগী হাসপাতালে ভর্তি করলে রোগীকল্যাণ সমিতির মাধ্যমে চিকিৎসা সেবা দেয়া হচ্ছে। এ কর্মসূচির আওতায় রোগীকল্যাণ সমিতিতে দাতা ও আজীবন সদস্য হওয়ার জন্য সকলকে অনুরোধ জানান। (৪) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস ও জন্মগত হৃদরোগ ও স্ট্রোকে প্যারালাইজড রোগীর জন্য ৫০,০০০/- টাকার আর্থিক অনুদান পাওয়ার জন্য সংশ্লিষ্ট পরিবার/ রোগীকে আবেদন কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে এ ধরনের রোগী থাকলে তাদেরকে আবেদন করার অনুরোধ জানান। এছাড়া তিনি জানান, তার দপ্তরের সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর |
| ৩(ঝ) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ঞ) | উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। এছাড়া তিনি সভায় তার দপ্তরের জানুয়ারি/২২ মাস পর্যন্ত সময়ের কার্যক্রম তুলে ধরেন। যা নিম্নরূপ : | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর |

| ক্রমিক নং | বিবরণ | বার্ষিক লক্ষ্যমাত্রা ২০২১-২২ | বিগত মাসে অর্জন | জানুয়ারি/২২ মাসে অর্জন | মোট অর্জন | লক্ষ্যমাত্রা অর্জনের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | নিরীক্ষা | ১০৮ | ৫৫ | ১৬ | ৭১ | ৬৫% | |
| ২। | নির্বাচন/এডহক | ১৭ | ০৫ | ০৭ | ১২ | ৭১% | |
| ৩। | পরিদর্শন | ৩৬ | ১৮ | ০৩ | ২১ | ৫৮% | |
| ৪। | ভ্রাম্যমান প্রশিক্ষণ | ০৪ | ০২ | ০১ | ০৩ | ৭৫% | |
| ৫। | সমবায় ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থী প্রেরণ | ১০০% | - | - | - | ১০০% | |
| ৬। | ননটেক্স রেভিনিউ :<br>ক) অডিট ফি<br>খ) ভ্যাট<br>গ) সিডিএফ<br>ঘ) নিবন্ধন ফি | <br>২৮৬২০/-<br>৪২৯৮/-<br>১১১৫১/-<br>- | <br>২৮৬২০/-<br>৪২৯৮/-<br>১১১৫১/-<br>- | <br>-<br>-<br>-<br>৩০০/- | <br>২৮৬২০/-<br>৪২৯৮/-<br>১১১৫১/-<br>৩০০/- | <br>১০০%<br>১০০%<br>১০০%<br>১০০% | |
| ৭। | সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়, সমবায় অংশ ঃ প্রকল্প সমিতি নিবন্ধন | ২০ | ০১ | ০১ | ০২ | ১০% | |
| ৮। | গ্রামকর্মী নিয়োগ | ২০ | ০১ | ০১ | ০২ | ১০% | |
| ৯। | ২০২১-২২ অর্থবছরে ৩১৫ জন সমবায়ী/ গ্রামকর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায় এর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। | | | | | | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ট) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ঠ) | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতিঃ দাঃ), ভূঞাপুর সভায় জানান, অত্র উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৪,৫৫১ জন, সর্বমোট সেবা গ্রহণকারী ৩৫,১১৪ জন, সি,এ,আর ৭৮.৮২%। তিনি সভায় জানান, অত্র উপজেলার গোবিন্দাসী ও ফলদা (বাজার) FWC তে ২৪ ঘন্টা স্বাভাবিক ডেলিভারী সেবা প্রদান করা হয় এবং প্রতি মাসে ৪০টি স্বাস্থ্য শিক্ষা, ২৬টি উঠান বৈঠক ও ৫২টি স্যাটেলাইট ক্লিনিক সেবা কার্যক্রম চলমান রয়েছে। তিনি সভায় (১) ফলদা (ধুবলিয়া) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের চারদিকে বাউন্ডারী প্রাচীর নির্মাণ এবং গেটের সম্মুখের রাস্তা সংস্কারকরণ, (২) গোবিন্দাসী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মাটিভরাট এবং (৩) ফলদা (ধুবলিয়া) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের বাউন্ডারী প্রাচীরের পশ্চিম পার্শ্বে মাটিভরাট ও ভবনের পাইপলাইন সংস্কারের প্রস্তাব করেন। এছাড়া তিনি সভায় তার দপ্তরের জানুয়ারি/২২ মাসের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করেন। যা নিম্নরূপ: | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূঞাপুর |

| ক্রঃনং | পদ্ধতির নাম | পুরাতন | নতুন | মোট | অর্জন | জাতীয় হার |
|---|---|---|---|---|---|---|
| ১ | খাবার বড়ি | ১৫৯২৫ | ২৭৫ | ১৬২০০ | ৩৬.৩৬% | ৩৯% |
| ২ | কনডম | ৪০০৪ | ১৩২ | ৪১৩৬ | ৯.২৮% | ৭% |
| ৩ | ইনজেকটেবল | ৬৮৯২ | ১৪৭ | ৭০৩৯ | ১৫.৮০% | ১৯% |
| ৪ | আইইউডি | ১৫৩১ | ২৪ | ১৫৫৫ | ৩.৪৯% | ৪% |
| ৫ | ইমপ্ল্যান্ট | ৩৫৩৮ | ৮৯ | ৩৬২৭ | ৮.১৪% | ৪% |
| ৬ | স্থায়ী পদ্ধতি (পুরুষ) | ৮৩২ | ০১ | ৮৩৩ | ১.৮৭% | ৫% |
| ৭ | স্থায়ী পদ্ধতি (মহিলা) | ১৭১১ | ১৩ | ১৭২৪ | ৩.৮৮% | ৭% |

চলমান পাতা-৬

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩(ঠ)</td><td>
<table>
<tr><td colspan="2" rowspan="2">গর্ভবতী</td><td>নতুন</td><td>পুরাতন</td><td>পূর্ববর্তী মাসে</td><td>মোট</td><td colspan="2" rowspan="2">মন্তব্য</td></tr>
<tr><td>১৪১</td><td>৬০৩</td><td>৮১৮</td><td>১৫৬২</td></tr>
<tr><td colspan="2">ANC (গর্ভবতী সেবা)</td><td colspan="4">২৪৩ জন</td><td colspan="2"></td></tr>
<tr><td colspan="2">PNC (প্রসবোত্তর সেবা)</td><td colspan="4">১০৮ জন</td><td colspan="2"></td></tr>
<tr><td colspan="2">মোট মৃত্যু</td><td colspan="4">৪৯ জন</td><td colspan="2"></td></tr>
<tr><td rowspan="3">মোট জীবিত জন্ম</td><td rowspan="3">১৪৪টি</td><td colspan="2">বাড়িতে</td><td colspan="2">ক্লিনিক/হাসপাতালে</td><td colspan="2"></td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি দ্বারা</td><td>প্রশিক্ষণবিহীন ব্যক্তি দ্বারা</td><td>স্বাভাবিক</td><td>সিজার</td><td>FWC</td><td>CSBA কর্মী দ্বারা</td></tr>
<tr><td>০০</td><td>৫৭</td><td>৫১</td><td>৭৯</td><td>১০</td><td>০২</td></tr>
</table>
</td><td></td><td></td></tr>
<tr><td>৩(ড)</td><td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর সভায় জানান, ২০১৯-২০২০ অর্থবছরের ১ম ও ২য় পর্যায়ে ১৫৬+১৫৬ = ৩১২টি নলকূপের বরাদ্দ আছে। ১ম পর্যায়ের কার্যক্রম চলমান এবং ২য় পর্যায়ের ১৫৬টি নলকূপের বিভাজন সম্পন্ন হলে কার্যক্রম শুরু করা যাবে। এছাড়া গারাবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লক নির্মাণের কাজ চলমান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ঢ)</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তিনি সভায় তার দপ্তরের ২০২১-২২ অর্থবছরের জুলাই/২১ হতে জানুয়ারি/২২ পর্যন্ত মাসের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতির চিত্র তুলে ধরেন। যা নিম্নরূপ ঃ-
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্প/কর্মসূচির নাম</th><th>আদায় (লক্ষ টাকায়)</th><th>বিতরণ (লক্ষ টাকায়)</th></tr>
<tr><td>১।</td><td>পদাবিক</td><td>১২১.২২</td><td>১৪২.৩২</td></tr>
<tr><td>২।</td><td>আবর্তক (কৃষি)</td><td>২০.৯৩</td><td>১৯.৩১</td></tr>
<tr><td>৩।</td><td>সদাবিক</td><td>৩৭.২০</td><td>৪১.৬২</td></tr>
<tr><td>৪।</td><td>বীর মুক্তিযোদ্ধা</td><td>২.৭৮</td><td>১.৬০</td></tr>
<tr><td>৫।</td><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৬.৮০</td><td>২৩.৮৫</td></tr>
<tr><td>৬।</td><td>অপ্রধান শস্য</td><td>১০.২০</td><td>১৭.১৫</td></tr>
<tr><td>৭।</td><td>এসএমই</td><td>০.৫৪</td><td>৫.০০</td></tr>
<tr><td></td><td>মোট =</td><td>২০৯.৬৭</td><td>২৫০.৮৫</td></tr>
</table>
</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ণ)</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত), ভূঞাপুর সভায় অনুপস্থিত।</td><td>তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ত)</td><td>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর সভায় অনুপস্থিত।</td><td>তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।</td><td>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(থ)</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তর ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে দরিদ্র ও সুবিধাবঞ্চিত গ্রামীণ নারী-পুরুষদেরকে সংগঠিত করে নিয়মিত সঞ্চয় সংগ্রহের মাধ্যমে সদস্যদের পুঁজি গঠন, ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন, প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন, আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং নারীর ক্ষমতায়ন ও সক্ষমতা বৃদ্ধির জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি সভায় তার দপ্তরের বিভিন্ন কর্মকাণ্ডের ডিসেম্বর/২১ মাস পর্যন্ত কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন। যা নিম্নরূপ :</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর</td></tr>
</table>

চলমান পাতা-৭

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩(থ)</td><td>
<table>
<tr><th>ক্র: নং</th><th>লক্ষ্যিত বিষয়</th><th>২০২১-২২ অর্থবছরের অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>মোট সমিতির সংখ্যা</td><td>৯১ টি</td><td></td></tr>
<tr><td>০২</td><td>মোট উপকারভোগীর সংখ্যা</td><td>৩,৬১৭ জন</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ প্রদান</td><td>-</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান</td><td>-</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>মোট ঋণ বিতরণের পরিমাণ</td><td>২০৬.৭৮</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>মোট ঋণ বিতরণের সংখ্যা</td><td>৩৮৭ জন</td><td></td></tr>
<tr><td>০৭</td><td>মোট ঋণ আদায়ের পরিমাণ</td><td>১৬০.৫৩</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>গড় ঋণ আদায়ের হার</td><td>৯০%</td><td></td></tr>
<tr><td>০৯</td><td>মোট পুঁজি (সঞ্চয়) গঠনের পরিমাণ (ক্রমপুঞ্জিত)</td><td>৪৬৬.৫৯</td><td></td></tr>
<tr><td>১০</td><td>মোট মাঠে পাওনা ঋণের পরিমাণ</td><td>৪০৩.১৫</td><td></td></tr>
<tr><td>১১</td><td>সঞ্চয় ও মাঠে পাওনা ঋণের অনুপাত</td><td>১১৬ : ১০০</td><td></td></tr>
</table>
</td><td></td><td></td></tr>
<tr><td>৩(দ)</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, ভূঞাপুর সাব স্টেশন থেকে ভূঞাপুর উপজেলাসহ ৩টি উপজেলায় বিদ্যুৎ সরবরাহ করা হয়। বর্তমানে বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। যার কারণে অনেক সময় বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখতে হয়। এ সাময়িক অসুবিধার জন্য তিনি দুঃখ প্রকাশ করেন। তিনি সভায় আরও জানান, সেচ মৌসুমে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে তার বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এছাড়া বিদ্যুৎ বিভাগের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ধ)</td><td>তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর সভায় জানান, এ প্রকল্পের মাধ্যমে গ্রামীণ মহিলাদের বিনামূল্যে তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া মাসে ০৪টি করে সামাজিক সচেতনতামূলক উঠান বৈঠক সম্পন্ন করা হচ্ছে। বর্তমান করোনা সময়ে উঠান বৈঠকে করোনা প্রতিরোধে মহিলাদের সাথে সচেতনতামূলক আলোচনা করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর</td></tr>
<tr><td>০৪।</td><td>৪নং আলোচ্যসূচি ঃ বিবিধ</td><td></td><td></td></tr>
<tr><td>৪(১)</td><td>চেয়ারম্যান, অর্জুনা ইউপি, ভূঞাপুর সভায় জানান, বিগত ২০০৩ সাল হতে অদ্যাবধি পর্যন্ত জনগণের ভালোবাসা নিয়ে অর্জুনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছি। এ দীর্ঘ সময় উপজেলা পরিষদের সদস্য হিসেবে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করে কাজ করতে হয়েছে। আর এ কাজে সকলে সার্বিক সহযোগিতা করায় সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং কাজ করতে গিয়ে যদি কারও মনে কোন কষ্ট দিয়ে থাকেন তাহলে তা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানান। তিনি সভায় আরও জানান, গত ২৬-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচন ঘিরে বড় ধরনের কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। এজন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে ফলদা ইউনিয়নে নির্বাচন ঘিরে সৃষ্ট সহিংসতায় সাধারণ জনগণ যাতে হয়রানির শিকারসহ শাস্তি না পায় সেদিকে বিশেষ দৃষ্টি রাখার অনুরোধ জানান। তিনি বলেন কেউ অন্যায় করলে তাকে তার শাস্তি ভোগ করতে হবে। ভূঞাপুর একটি শান্তিপূর্ণ এলাকা। এখানে রাজনৈতিক কোন প্রতিহিংসা নেই। এখানে সকলে যাতে শান্তিপূর্ণভাবে বসবাস করতে পারেন এবং প্রতিহিংসার বশে কেউ যাতে কারও কোন ক্ষতি করতে না পারে সে দিকে দৃষ্টি রাখার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় গোবিন্দপুর হাই স্কুল মাঠে ও চারপাশে মাটি দ্বারা উন্নয়ন প্রকল্পটি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ হওয়ায় উপজেলা পরিষদ থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জরুরীভিত্তিতে বাস্তবায়নের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পরিশেষে তিনি সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে আগামী দিনগুলোতে যাতে সুন্দরভাবে কাটাতে পারেন সে আশাবাদ ব্যক্ত করেন।</td><td>আলোচনান্তে গোবিন্দপুর হাই স্কুল মাঠে ও চারপাশে মাটি দ্বারা উন্নয়ন প্রকল্পটি সভায় জনগুরুত্বপূর্ণ বিবেচিত হওয়ায় প্রকল্পটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জরুরীভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর</td></tr>
</table>

চলমান পাতা-৮

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(২) | চেয়ারম্যান, ফলদা ইউপি, ভূঞাপুর সভায় জানান, বিগত ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচন অত্যন্ত সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হয়েছে। এ নির্বাচনে তাকে পুনরায় চেয়ারম্যান হিসেবে নির্বাচিত করায় তার ইউনিয়নের জনগণের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি সভায় সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর এর দৃষ্টি আকর্ষণ করে তার ইউনিয়নে বরাদ্দকৃত নলকূপসমূহ দ্রুত বিতরণ ও স্থাপন করার অনুরোধ জানান। তিনি সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে বলেন, অর্জুনা হতে মমিনপুর পর্যন্ত রাস্তার কাজের টেন্ডার হলেও এখনও কাজটি বাস্তবায়ন হয়নি। উক্ত কাজটি দ্রুত বাস্তবায়ন করার অনুরোধ জানান। পাশাপাশি মদনবাড়ী হতে সানকবয়ড়া রাস্তায় প্যালাসাইডিংসহ রাস্তাটি দ্রুত সংস্কার করার প্রস্তাব করেন। এছাড়া তিনি সভায় ধুবলিয়া কমিউনিটি ক্লিনিকের রাস্তা এবং টেপিবাড়ী হতে ফলদা পর্যন্ত রাস্তার বিভিন্ন ভাঙ্গা অংশ মেরামত করার প্রস্তাব করেন। তিনি সভায় আরও জানান ইরিগেশন শেষ পর্যায়ে। সারের মজুদও পর্যাপ্ত রয়েছে। তবে ধান পাকার সময় ধান ক্ষেতে বিভিন্ন রোগের আক্রমণ দেখা যায়। ফলে আশানুরূপ ফসল পাওয়া যায় না। এতে কৃষকরা ক্ষতিগ্রস্ত হয়। তাই তিনি ধান পাকার পূর্বেই কৃষকদের এসব রোগের বিষয়ে পরামর্শ প্রদান করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। পরিশেষে তিনি বলেন টিআর কাবিখার কাজ শেষ হয়েছে। তাই কাজ দেখে দ্রুত বিল পরিশোধ করার জন্য অনুরোধ জানান। | আলোচনান্তে প্রস্তাবিত রাস্তাসমূহ পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা প্রকৌশলী, ভূঞাপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |
| ৪(৩) | চেয়ারম্যান, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর সভায় জানান, দীর্ঘদিন এ পরিষদে সকলের সার্বিক সহযোগিতায় সুন্দরভাবে কাজ করতে পারায় সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং কাজ করতে গিয়ে যদি কারও মনে কষ্ট দিয়ে থাকেন তাহলে তা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানান। তিনি জানান তার ইউনিয়নে নির্বাচন পরবর্তী কোন সহিংসতা হয়নি। এজন্যও সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। পরিশেষে আগামী দিনগুলো যাতে সুস্থ ও সুন্দরভাবে কাটাতে পারেন সেজন্য সকলের নিকট দোয়া কামনা করেন। | - | - |
| ৪(৪) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ভূঞাপুর সভায় জানান, ২০২০-২১ অর্থবছরের আওতায় গৃহীত প্রশিক্ষণ প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দ পাওয়া গেছে। তাই তিনি সংশ্লিষ্টদের দ্রুত প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার অনুরোধ জানান। এছাড়া তিনি উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য ভাইস চেয়ারম্যানদ্বয় ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ জানান। পাশাপাশি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহ যাতে যথাযথভাবে বাস্তবায়িত হয় সেজন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | - | - |
| ৪(৫) | জনাব মোঃ মনিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ মহী উদ্দিন আহমেদ সহকারী পরিচালক হিসেবে এবং ভেটেরিনারি সার্জন ডাঃ শরীফ আব্দুল বাছেত উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা হিসেবে পদোন্নতি পাওয়ায় তিনি উপজেলা পরিষদের পক্ষ থেকে তাদেরকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি সভায় মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন নির্বাচনের সময় তার প্রতিশ্রুত ছাব্বিশা গ্রামের রাস্তাটি বর্তমানে চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। উক্ত রাস্তা দিয়ে গ্রামের হাজার হাজার মানুষ চলাচল করে থাকে। তাই তিনি পৌরসভার অর্থায়নে উক্ত রাস্তাটি জরুরীভিত্তিতে নির্মাণ করার অনুরোধ জানান। তিনি সভায় সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন, ভূঞাপুর উপজেলার দরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহ প্রকল্পের জন্য উপজেলা পরিষদ থেকে ২,০০,০০০/- টাকা বরাদ্দ দেয়া হয়েছে। কিন্তু স্থানীয় দরিদ্র জনগণের সেলাই মেশিনের ব্যাপক চাহিদা থাকায় তিনি উক্ত প্রকল্পে অতিরিক্ত আরও ২,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন। এছাড়া তিনি সভায় তার জানুয়ারি/২০২১ হতে জুলাই/২০২১ মাসের ভ্রমণ ভাতা বাবদ ৩৭,০০০/- (সাঁইত্রিশ হাজার) টাকার বিল প্রস্তুত পূর্বক অনুমোদনের জন্য উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে জনাব মোঃ মনিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর এর জানুয়ারি/২০২১ হতে জুলাই/২০২১ মাসের ভ্রমণ ভাতা বিল অনুমোদন দেয়া হয় এবং ভ্রমণ ভাতা বাবদ ৩৭,০০০/- (সাঁইত্রিশ হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর |

চলমান পাতা-৯

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(৬) | জনাব আলিফনুর, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর সভায় সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে ভূঞাপুর- গোবিন্দাসী রাস্তার বাগবাড়ী ব্রীজ হতে বাগবাড়ী কবরস্থান পর্যন্ত রাস্তাটি সংস্কার করার এবং বাগবাড়ী পাকা রাস্তা হতে বাগবাড়ী স্কুল সংলগ্ন রাস্তার পাশে গাইডওয়াল নির্মাণ প্রস্তাব করেন। তিনি সভায় জানান, ফলদা ইউনিয়নে নির্বাচনী সহিংসতায় পুলিশের করা মামলায় সাধারণ জনগণ যাতে শাস্তি না পায় এবং প্রকৃত অপরাধীরা যাতে শাস্তি পায় আহ্বান জানান। এছাড়া তিনি সভায় তার জানুয়ারি/২০২১ হতে জুলাই/২০২১ মাসের ভ্রমণ ভাতা বাবদ ৩৭,০০০/- (সাঁইত্রিশ হাজার) টাকার বিল প্রস্তুত পূর্বক অনুমোদনের জন্য উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে জনাব আলিফনুর, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর এর জানুয়ারি/২০২১ হতে জুলাই/২০২১ মাসের ভ্রমণ ভাতা বিল অনুমোদন দেয়া হয় এবং ভ্রমণ ভাতা বাবদ ৩৭,০০০/- (সাঁইত্রিশ হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর |
| ৪(৭) | মেয়র, ভূঞাপুর পৌরসভা সভায় জানান, সমন্বয় সভায় বিভিন্ন প্রকল্পের প্রস্তাবনা আসে। সেগুলোর মধ্য থেকে সামর্থ্য অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হয়। পৌরসভায় পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় সকল প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হয় না। পৌরসভায় কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। অর্থ বরাদ্দ পেলে সে অনুযায়ী বাস্তবায়ন করা হবে। তিনি সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে ভূঞাপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজটি কোন ঠিকাদার পেয়েছে তাকে চিঠি দিয়ে দ্রুত কাজটি শেষ করার অনুরোধ জানান। তিনি জানান স্লুইজ গেট হতে যমুনার পাড় পর্যন্ত ওয়ার্কওয়ে করার সিদ্ধান্ত হয়েছে। অনুমোদন পেলে কাজ শুরু করা হবে। নববর্ষের প্রথম সভায় সকলের উপস্থিতির জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিশেষে সকলে মিলেমিলে যাতে সুন্দরভাবে নিজ নিজ দায়িত্ব পালন করতে পারেন সে আশাবাদ ব্যক্ত করেন। | - | - |
| ৪(৮) | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সভায় জানান, ভূঞাপুর উপজেলায় বিএডিসি কর্তৃক অলোয়া ইউনিয়নের একানি খালের খনন কাজের অনুমোদন পাওয়া গেছে। খুব শীঘ্রই খনন কাজ শুরু হবে। তিনি সভায় ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচন পূর্বক প্রকল্পের কাজ শুরু করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি সভায় বিদায়ী চেয়ারম্যানদের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে বলেন উপজেলা প্রশাসন স্থানীয় সরকারের প্রতিনিধি তথা ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় পূর্বক কাজ বাস্তবায়ন করে থাকে। এজন্য ইউপি চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর মধ্যে কাজের মাধ্যমে একটি ভালো সম্পর্ক গড়ে উঠে। তাই তিনি স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে ভালো সম্পর্ক রেখে স্ব স্ব বিভাগের কর্মকর্তাদের উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করার পরামর্শ প্রদান করেন। এছাড়া তিনি সভায় আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য অলোয়া ইউনিয়ন পরিষদের স্থগিতকৃত আকালু কেন্দ্রের ভোটগ্রহণ যাতে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয় সেজন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। পরিশেষে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় দ্রুত প্রকল্প গ্রহণ করে সেগুলোর কাজ শুরু করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | - | - |

চলমান পাতা-১০

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(৯) | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সভায় আরও জানান, স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.০৫৪.১৩-৪২২, তারিখ ঃ ০৫ মে ২০২০ খ্রি. মোতাবেক বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিট-১৯) এর কারণে সৃষ্ট দুর্যোগ মোকাবেলায় জরুরী ত্রাণ সহায়তা প্রদান করার জন্য হাটবাজার ইজারা লব্ধ আয় হতে উপজেলা পরিষদের রাজস্ব আয় হিসেবে আগত ৪১% অর্থ হতে ২৫% অর্থ ব্যয় করার অনুমতি প্রদান করা হয়েছে। তিনি জানান বাংলা ১৪২৭ সনে হাটবাজার খাত হতে উপজেলা পরিষদের ৪১% আয় হতে ২৫% হাটবাজার ইজারা লব্ধ আয় হিসাব নম্বরে জমা রয়েছে। তাই তিনি উক্ত অর্থ হতে (১) অর্জুনা, গাবসারা, নিকরাইল ইউনিয়নে করোনাকালীন সময় ত্রাণ ও সুরক্ষা সামগ্রী বিতরণ প্রকল্প এবং (২) ফলদা, গোবিন্দাসী ও অলোয়া ইউনিয়নে করোনাকালীন সময় ত্রাণ ও সুরক্ষা সামগ্রী বিতরণ প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাটবাজার ইজারালব্ধ আয় হতে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ব্যয়ে নিম্নবর্ণিত প্রকল্প গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প ২টি নিম্নরূপঃ<br>১। অর্জুনা, গাবসারা, নিকরাইল ইউনিয়নে করোনাকালীন সময় ত্রাণ ও সুরক্ষা সামগ্রী বিতরণ, = ২,০০,০০০/- টাকা<br>২। ফলদা, গোবিন্দাসী, অলোয়া ইউনিয়নে করোনাকালীন সময় ত্রাণ ও সুরক্ষা সামগ্রী বিতরণ, = ২,০০,০০০/- টাকা | ১। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>২। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |
| ৪(১০) | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সভায় জানান, গোবিন্দাসী গো-হাটটি দীর্ঘদিন যাবৎ সরকারিভাবে ইজারা হয়ে রাজস্ব আদায় পূর্বক হাটটি পরিচালিত হয়ে আসছে। বিগত বাংলা ১৪২০ সন হতে বাংলা ১৪২৮ সন পর্যন্ত সর্বমোট ইজারা বাবদ রাজস্ব আদায় হয়েছে প্রায় ১৩,০১,১৮,৩৮৮/- (তের কোটি এক লক্ষ আঠার হাজার তিনশত আটাশি) টাকা। কিন্তু গোবিন্দাসী গো-হাটটি অদ্যাবধি পেরিফেরীর অন্তর্ভুক্ত করা হয়নি। তাই তিনি সভায় উক্ত গোবিন্দাসী গো-হাটটি পেরিফেরীভুক্ত করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গোবিন্দাসী গো-হাটটি পেরিফেরীকরণের পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>২। সহকারী কমিশনার (ভূমি), ভূঞাপুর |
| ৪(১১) | সভাপতি সভায় দীর্ঘক্ষণ প্রাণবন্ত আলোচনা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে নতুন বছরের শুভেচ্ছা জানান। তিনি সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় দ্রুত প্রকল্প গ্রহণ পূর্বক সেগুলো বাস্তবায়ন করার অনুরোধ জানান। এছাড়া তিনি উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন বাসভবন ও ডরমেটরি ভবনে বসবাসকারীদের হালনাগাদ তথ্য সম্বলিত প্রতিবেদন তৈরি করে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। তিনি সভায় আরও জানান যে, অত্র উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ক্রীড়া সামগ্রী প্রদানের জন্য তাকে অনুরোধ করেছে। তাই তিনি ভূঞাপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী সরবরাহ করার জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে ভূঞাপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী সরবরাহ প্রকল্পটি জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |

অতঃপর সভায় দীর্ঘক্ষণ প্রাণবন্ত আলোচনা হওয়ায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ নার্গিস বেগম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভূঞাপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ভূঞাপুর, টাঙ্গাইল।

চলমান পাতা-১১

স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৫৫১.২০১৩-৯১(৪০)

তারিখ ঃ ২৭/০১/২০২২ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-**

১. মাননীয় সংসদ সদস্য-১৩১, টাঙ্গাইল-২।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল।
৫. মেয়র, ভূঞাপুর পৌরসভা, ভূঞাপুর, টাঙ্গাইল।
৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল।
৭. উপজেলা ------------------------------------ কর্মকর্তা, ভূঞাপুর, টাঙ্গাইল।
৮. চেয়ারম্যান, -------------------------- ইউপি (সকল), ভূঞাপুর, টাঙ্গাইল।
৯. জনাব --------------------------------------------, ভূঞাপুর, টাঙ্গাইল।
১০. অফিস নথি।

27/01/22
(মোছাঃ ইশরাত জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ভূঞাপুর, টাঙ্গাইল।

পরিশিষ্ট-"ক"

২৭-০১-২০২২ খ্রি. তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত ভূঞাপুর উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাদের তালিকা ঃ

উপস্থিত সদস্য/ কর্মকর্তাবৃন্দ/ আমন্ত্রিত সদস্য/ অতিথি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ১। | জনাব মোঃ মাসুদুল হক মাসুদ, মেয়র, ভূঞাপুর পৌরসভা, ভূঞাপুর। |
| ২। | জনাব মোঃ মনিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ৩। | জনাব আলিফনুর, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ৪। | জনাব মোঃ আইয়ুব আলী মোল্লা, চেয়ারম্যান, অর্জুনা ইউপি, ভূঞাপুর। |
| ৫। | জনাব মোঃ সাইদুল ইসলাম তালুকদার, চেয়ারম্যান, ফলদা ইউপি, ভূঞাপুর। |
| ৬। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান তালুকদার, চেয়ারম্যান, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর। |
| | কর্মকর্তাবৃন্দ |
| ১। | জনাব মোছাঃ ইশরাত জাহান, উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর। |
| ২। | ডাঃ মহী উদ্দিন আহমেদ, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৩। | জনাব মোঃ হুমায়ুন কবীর, উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর। |
| ৪। | জনাব এটিএম সামসুজ্জামান, উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৫। | ডাঃ স্বপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর এর প্রতিনিধি। |
| ৬। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর (আমন্ত্রিত) এর প্রতিনিধি। |
| ৭। | জনাব মোঃ শফিকুল ইসলাম মন্ডল, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর এর প্রতিনিধি। |
| ৮। | জনাব এমজি মাহমুদ ইজদানী, উপজেলা শিক্ষা অফিসার, ভূঞাপুর। |
| ৯। | জনাব মোঃ শাহীনুর ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১০। | জনাব মোহাম্মদ শহিদুজ্জামান মাহমুদ, উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর। |
| ১১। | জনাব রুপ জিন্নাত রিয়া, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতিঃ দাঃ), ভূঞাপুর। |
| ১২। | জনাব মোঃ জহুরুল ইসলাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৩। | জনাব মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৪। | জনাব কণিকা মল্লীক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৫। | জনাব মোঃ মোজাম্মেল হক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৬। | জনাব আব্দুল্লাহ আল মামুন, সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর। |
| ১৭। | জনাব মোঃ মোফাজ্জল হোসেন, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৮। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ভূঞাপুর, টাঙ্গাইল। |
| ১৯। | জনাব জলি রানী দাস, তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর, টাঙ্গাইল। |

অনুপস্থিত সদস্য

| | |
|---|---|
| ১। | অফিসার ইনচার্জ, ভূঞাপুর থানা, টাঙ্গাইল। |
| ২। | জনাব মোঃ মনিরুজ্জমান, চেয়ারম্যান, গাবসারা ইউপি, ভূঞাপুর। |
| ৩। | জনাব মোঃ রহিজ উদ্দিন আকন্দ, চেয়ারম্যান, অলোয়া ইউপি, ভূঞাপুর। |
| ৪। | জনাব মুহাম্মদ আব্দুল মতিন সরকার, চেয়ারম্যান, নিকরাইল ইউপি, ভূঞাপুর। |
| ৫। | জনাব মোঃ সাইফুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৬। | জনাব মোঃ জাহিদুল ইসলাম, উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত), ভূঞাপুর। |
| ৭। | জনাব রাজিয়া সুলতানা, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর। |
| ৮। | জনাব মোছাঃ মঞ্জুয়ারা বেগম, সংরক্ষিত আসনের মহিলা সদস্য-১, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ৯। | জনাব মোছাঃ রেখা চৌধুরী, সংরক্ষিত আসনের মহিলা সদস্য-২, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ১০। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ভূঞাপুর। |